দৈনিক

# মেডিকেল ও ডেন্টাল কলেজে ভর্তিচ্ছুদের অনলাইনে আবেদন শুরু

স্টাফ রিপোর্টার: ২০১৩-১৪ শিক্ষাবর্ষে মেডিকেল ও ডেন্টাল কলেজে ভর্তিচ্ছুদের অনলাইনে আবেদন শুরু হয়েছে। গতকাল (বুধবার) সকাল ১০ টা থেকে অনলাইনের মাধ্যমে নতুন শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহীদের ফরম পূরণ শুরু হয়েছে। আবেদন করা যাবে ১৮ সেপ্টেম্বর ১১ টা ৫৯ মিনিট পর্যন্ত। আগামী ৪ অক্টোবর সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, পূর্বের মতো এবারও মেডিকেলে ও ডেন্টাল কলেজে পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থী ভর্তি করা হবে। বর্তমান পদ্ধতি অনুযায়ী এসএসসি ও এইচএসসির ফল মিলিয়ে মোট জিপিএ ৮ থাকলেই মেডিকেলে ভর্তির আবেদন করা যায়। এরপর পরীক্ষার মাধ্যমে নির্দিষ্ট সংখ্যক শিক্ষার্থীই ভর্তির সুযোগ পান। তবে এককভাবে কোনো পরীক্ষায় জিপিএ ৩.৫ এর কম পাওয়া শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন না বলে মন্ত্রণালয় সূত্র জানিয়েছে। সব উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় মোট জিপিএ ৭ থাকতে হবে। এককভাবে কোনো পরীক্ষায় জিপিএ ৩ এর কম হলে তারা আবেদন করতে পারবেন না। অনলাইন ফরম পূরণের নিয়মাবলি ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য ওয়েবসাইট (http://dghs.teletalk.com.bd) অথবা স্বাস্থ্য অধিদফতরের ওয়েবসাইট (www.dghs.gov.bd) থেকে জানা যাবে।

আবেদনকারী শিক্ষার্থীদের এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট, জেলা কোটার জন্য স্থানীয় সিটি করপোরেশন মেয়র বা পৌরসভা চেয়ারম্যান বা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত সনদপত্র, দুই কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চিফ ও জেলা প্রশাসকের সনদ এবং অ-উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চিফ বা জেলা প্রশাসকের প্রদত্ত সনদপত্র এবং অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্রপ্রধান ও সংশ্লিষ্ট ডেপুটি কমিশনারের সনদপত্র, মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে সনদপত্র আবেদনপত্রের সঙ্গে দিতে হবে। বাংলাদেশের সবগুলো মেডিকেল ও ডেন্টাল কলেজ মিলিয়ে মোট ৮ হাজার ৪৯৩টি আসন রয়েছে। এর মধ্যে ২২টি সরকারি মেডিকেল কলেজে আসন সংখ্যা ২ হাজার ৮১১টি। আর ৫৩টি বেসরকারি মেডিকেলে ৪ হাজার ২৪৫ জন শিক্ষার্থী ভর্তির সুযোগ পান। এছাড়া নয়টি 'পাবলিক' ডেন্টাল কলেজ ও মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটে ৫৩৭টি আসন রয়েছে।